

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছাত্র-উপদেষ্টা দপ্তর

বিজ্ঞপ্তি

পত্রনং-৫৪৭/ছা:উ:

তারিখ : ০২.১০.২০২২

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকারিতার জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটায় ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত তারিখ ও সময়-সূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্রে নির্বাচনী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে:

বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি কোটা:

তারিখ	সাক্ষাৎকারে উপস্থিত ক্রমিক	সময়
১৮ অক্টোবর ২০২২	১ থেকে ৫৯৬ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত
১৯ অক্টোবর ২০২২	৫৯৭ থেকে ১১৯২ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত
২০ অক্টোবর ২০২২	১১৯৩ থেকে ১৭৮৮ পর্যন্ত	সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত

বিঃদ্র:

- বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি। বীর মুক্তিযোদ্ধা পরিচিতির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট থেকে (mis.molwa.gov.bd) বীর মুক্তিযোদ্ধা-তালিকার বিস্তারিত পৃষ্ঠাটি মন্ত্রণালয়ের লোগো ও ওয়েবলিংকসহ ডাউনলোড করে আনতে হবে অথবা বীর মুক্তিযোদ্ধার ডিজিটাল সনদপত্র বা ডিজিটাল স্মার্ট আইডি কার্ড সঙ্গে আনতে হবে।
- এছাড়া নাতি-নাতনিদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি, বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনি পরিচিতির জন্য অবশ্যই সংশ্লিষ্ট এলাকার মুক্তিযোদ্ধা সংসদের দায়িত্ব প্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসকের সাম্প্রতিক প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে এবং নাতি/নাতনি প্রমাণের জন্য দাদা/দাদী, নানা/নানী ও বাবা/মা-এর জাতীয় পরিচয়পত্র নিয়ে আসার জন্য বলা হচ্ছে।
- বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.ru.ac.bd-তে পাওয়া যাবে।
- প্রাথমিকভাবে সাক্ষাৎকারের জন্য নির্বাচিত কোন শিক্ষার্থীর একাধিক ইউনিটে নাম থাকলেও একবার সাক্ষাৎকারে অংশগ্রহণ করলে সে সবকটি ইউনিটে উপস্থিত হয়েছে বলে বিবেচিত হবে।
- বীর মুক্তিযোদ্ধাদের মুক্তিযোদ্ধা-পরিচিতি নম্বর আইসিটি সেন্টারের তথ্য অনুসারে এসএমএস-এর মাধ্যমে ১০.১০.২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

প্রফেসর ড. গোলাম সাব্বির সান্তার

সভাপতি

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি

নির্বাচন কমিটি ২০২১-২০২২

ও

মাননীয় উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়

এম. তারেক নূর

সদস্য-সচিব

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনি

নির্বাচন কমিটি ২০২১-২০২২

ও

ছাত্র-উপদেষ্টা, রাজশাহী বিশ্ববিদ্যালয়